

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০৩.১৬.১২২০

তারিখ : ১৪ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।
২৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : রীট পিটিশন নং-১২৮২১/২০১৬ এর ঘটনা প্রকৃত বিবরণী ও সংশ্লিষ্ট কাগজাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখার স্মারক নং-৪১৮৬, তারিখঃ ১২.১২.২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয়ে সূত্র পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মুহাম্মদ নূরুল আলম চৌধুরী, চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত), ০২নং আমিরাবাদ ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে ফৌজদারী মামলা বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাকে ইউপি চেয়ারম্যানের পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয় (কপি সংযুক্ত)। উক্ত চেয়ারম্যান স্থানীয় সরকার বিভাগের সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১২৮২১/২০১৬ দায়ের করেন। রীট পিটিশনের শুনানী অন্তে ০৮ নভেম্বর, ২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)ঃ

"pending hearing of the rule, let operation of the impugned order dated 15.09.2016 issued vide Memo No.46.00.1500.017.27.003.16.799 the respondent No.3 purportedly suspending the petitioner temporarily from the post of Chairman of No. 2, Amirabad Union Parishad, Lohagara Upazila, Chittagong without following due process of law (Annexure-B) be stayed for a period of 6 (Six) months from date.

The petitioner is directed to put in 2(two) sets of requisites for service of notice upon the respondents in usual course and through registered post"

০২. এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-১২৮২১/২০১৬ মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ঘটনার প্রকৃত বিবরণীসহ সংশ্লিষ্ট কাগজাদি নির্দেশক্রমে এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

উপসচিব (আইন-১ অধিশাখা)

স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।